



ইউক্রেনে তিন দিনের হামলা বিরতির নির্দেশ দিলেন পুতিন



রাশিয়ার প্রেসিডেন্ট ব্লাদিমির পুতিন। ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ প্রতিনিধিদের কিয়েভ সফরকে কেন্দ্র করে ইউক্রেনের রাজধানীতে সাময়িকভাবে হামলা বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন

রাশিয়ার প্রেসিডেন্ট ব্লাদিমির পুতিন। ফ্রেমলিন জানিয়েছে, শনিবার মধ্যরাত থেকে তিন দিনের জন্য কিয়েভে রুশ হামলা চালানো হবে না।

শনিবার (৫ সেপ্টেম্বর) এ তথ্য জানান ফ্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ। তিনি বলেন, রুশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসেবে পুতিন এই নির্দেশ দিয়েছেন।

এদিকে ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ ও তার জামাতা জ্যারেড কুশনার মস্কো সফরে রয়েছেন। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে শান্তি আলোচনা এগিয়ে নেওয়ার বিষয়ে তারা রুশ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করছেন।

পুতিনের সঙ্গে আলোচনা শেষে রোববার তাদের কিয়েভ সফরের কথা রয়েছে। ট্রাম্প প্রশাসনের নতুন শান্তি উদ্যোগের অংশ হিসেবেই রাশিয়া ও ইউক্রেনে এই সফর করছেন দুই মার্কিন প্রতিনিধি।

এর আগে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিও মার্কিন প্রতিনিধিদের সফরের সময় ইউক্রেনীয় হামলা সাময়িকভাবে স্থগিত রাখার কথা জানিয়েছিলেন। একই ধরনের পদক্ষেপ নিতে তিনি রাশিয়ার প্রতিও আহ্বান জানিয়েছিলেন।

তবে কিয়েভে এই তিন দিনের হামলা বন্ধের সিদ্ধান্তকে পুরো ইউক্রেনজুড়ে যুদ্ধবিরতি হিসেবে দেখা হচ্ছে না। দেশের অন্যান্য অঞ্চলে দুই পক্ষের সামরিক কার্যক্রম অব্যাহত রয়েছে বলে খবর পাওয়া গেছে।

ফলে সীমিত সময়ের এই বিরতিকে মার্কিন দূতদের কূটনৈতিক সফর চলাকালে রাজধানী কিয়েভে উত্তেজনা কমানোর একটি সাময়িক পদক্ষেপ হিসেবে বিবেচনা করা হচ্ছে।